

নতুন নতুন স্থানে সুসমাচার প্রসার

শিশুদের সঙ্গে প্রথম মিশনারীদের পরিচয় করিয়ে দিন



শিশুদের শিক্ষণ কার্যকলাপগুলোর যে কোন একটি পছন্দ করুন।

একটি বড় শিশু অথবা শিক্ষক, আন্তিয়োখিয়া মণ্ডলী কিভাবে মিশনারীদের প্রেরণ করেছিল সেই বিষয়ের গল্পটি পাঠ করতে অথবা বলতে বলুন (প্রেরিত ১৩ঃ১-১৬ এবং ৩২-৫২)। কিভাবে মণ্ডলী পৌল এবং বার্ণবাকে অন্যস্থানে যীশুর সুসমাচার নিয়ে যাবার জন্য প্রেরণ করেছিল, সেই বিষয় বলুন।

নিম্নলিখিত প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন। প্রতিটি প্রশ্নের পর উত্তর প্রদত্ত হয়েছে।

- ঈশ্বর যখন পৌল এবং বার্ণবাকে পৃথক করে দিতে বলেছিলেন, তখন বিশ্বাসীগণ কি করেছিলেন? (২ পদ দেখুন)
- পৌল এবং বার্ণবাকে মিশনারী দল হিসাবে প্রেরণের পূর্বে বিশ্বাসীগণ কি করেছিলেন? (৩ পদ দেখুন)
- ঈশ্বর কিভাবে এক মায়াবীকে ক্ষান্ত করেছিলেন, যে লোকদের যীশুর বিষয় জানতে বাধা দিচ্ছিল? (১১)
- কোন্ জন গোষ্ঠী সুসমাচার প্রত্যাখ্যান করেছিল? (৪৫-৪৬)
- শহর থেকে বিতাড়িত হবার পর পৌল ও বার্ণবা কি করেছিলেন? (৫১)

গল্পের কয়েকটি অংশের নাট্যরূপ দিন।

- প্রধান উপাসক মণ্ডলীর নেতার সঙ্গে আরাধনার সময় নাটকটি উপস্থাপনের ব্যবস্থা করুন।
- নাটকটির প্রস্তুতির জন্য শিশুদের সঙ্গে সময় দিন।
- আপনাকে সমস্ত অংশগুলো ব্যবহার করার দরকার নেই।
- বড় শিশুদের ছোটদের প্রস্তুত করতে সাহায্য করতে দিন।
- বড় শিশুদের অথবা প্রাপ্ত বয়স্কদের পৌল এবং বর্ণনাকারীর ভূমিকায় অভিনয় করতে দিন।
- ছোট শিশুরা নিম্নলিখিত চরিত্রে অভিনয় করবে:

বার্ণবা

দেশাধ্যক্ষ

মায়াবী

খ্রীষ্টিয়ানগণ

যিহুদীগণ

পরজাতিগণ

নাটক, ভাগ ১, প্রেরিত ১৩ঃ১-৩

বর্ণনাকারীঃ ১-৩ পদে গল্পটির প্রথম ভাগটি বলবেন। তারপর বলবেন, “শুনুন, খ্রীষ্টিয়ানগণ কি বলছেন।”

খ্রীষ্টিয়ানগণঃ “একসাথে ঈশ্বরের উদ্দেশে উপবাস ও প্রার্থনা করা উত্তম।”

“পবিত্র আত্মা আমাদের মিশনারী প্রেরণ করতে বলছেন।”

“ঈশ্বর আমাদের পৌল ও বার্ণবাকে প্রেরণ করতে বলছেন!”

বার্ণবাঃ “হাঁ! আমরা নতুন নতুন স্থানে সুসমাচার নিয়ে যাব।”

খ্রীষ্টিয়ানগণঃ “এখানে জানুপাত করুন।”

“আমরা আপনাদের জন্য প্রার্থনা করব এবং আপনাদের ওপর হস্তার্পণ করব।”

“ঈশ্বর আপনাদের যেখানে পাঠাতে চান, সেখানে যাওয়ার জন্য আমরা এটা করছি।”

পৌল ও বার্নাবাঃ জানুপাত করবেন।

খ্রীষ্টিয়ানগণঃ পৌল এবং বার্নাবার ওপর হস্তার্পণ করবেন এবং তাদের জন্য প্রার্থনা করবেন।

পৌল ও বার্নাবাঃ একদিকে হেঁটে যাবে।

ভাগ ২, প্রেরিত ১৩ঃ৪-১২

বর্ণনাকারীঃ গল্পটির দ্বিতীয়ভাগ (৪-১২ পদ) বলবেন। তারপর বলবেন “শুনুন, রোমীয় দেশাধ্যক্ষ কি বলছেন।”

দেশাধ্যক্ষঃ “যাও, পৌলকে নিয়ে এস। আমি যীশুর বিষয় শুনতে চাই।”

মায়াবীঃ “না মহাশয়। পৌলের মিথ্যা ভাষণ আপনার শোনা উচিত নয়।”

পৌলঃ “মায়াবী, তুমি এই ব্যক্তিকে ঠকাতে চাইছ। ঈশ্বর তোমাকে অন্ধ করে দেবেন।”

মায়াবীঃ দু হাত দিয়ে চোখ ঢেকে চারদিকে ঘুরতে থাকবে। বলবে, “আমি দেখতে পাচ্ছি না। দয়া করে আমার হাত ধরুন!”

দেশাধ্যক্ষঃ “পৌল এই মায়াবীর দেবতার থেকে, আপনার ঈশ্বর অনেক বেশী শক্তিশালী। আমি আপনার ঈশ্বরের বিষয় আরও অধিক শুনতে চাই!”

ভাগ ৩, প্রেরিত ১৩ঃ১৩-১৬ এবং ৩২-৫২

বর্ণনাকারীঃ ১৩-১৬ এবং ৩২-৫২ পদ থেকে গল্পটি শেষ করবেন। বলবেন, “শুনুন পৌল কি বলছেন।”

পৌলঃ “যীশুর সুসমাচার শ্রবণ করুন। ঈশ্বর তাঁকে মৃত্যু থেকে পুনরুত্থিত করেছেন। তিনি আপনার পাপ ক্ষমা করবেন।”

যিহূদীগণঃ “এই পাগল লোকটার কথা শুনবেন না!”

বার্নাবাঃ “আমাদের আগে আপনাদের কাছে বলার দায়িত্ব ছিল। কিন্তু আপনারা যীশুকে প্রত্যাখ্যান করেছেন। এখন আমরা পরজাতিদের কাছে, অর্থাৎ যারা যিহূদী নন তাদের সঙ্গে কথা বলব।”

পরজাতিগণঃ “আমরা খুশী হয়েছি যে ঈশ্বর আপনাদের আমাদের কাছে পাঠিয়েছেন।”

“আমাদেরকে আরও যীশুর বিষয় বলুন। আমরা তাঁকে বিশ্বাস করি!”

যিহূদীগণঃ “আমাদের অবশ্যই এই লোক দুটিকে শহরের বাইরে তাড়িয়ে দিতে হবে!”

তারা পৌল ও বার্নাবাকে ধাক্কা দিয়ে বের করে দেবে।

বার্নাবা ও পৌলঃ তারা জুতোর ধূলো ঝেড়ে দিয়ে চলে যাবেন।

বর্ণনাকারী অথবা একটি বড় শিশুঃ যারা নাটকটি করতে সাহায্য করেছেন, তাদের প্রত্যেককে ধন্যবাদ। প্রাপ্ত বয়স্কদেরও নাটকটি শোনার জন্য ধন্যবাদ।



অঙ্কনঃ দুটিপায়ের ছবি আঁকুন। শিশুদের এটা নকল করতে দিন। তারা পরবর্তী আরাধনার সময় তাদের ছবিগুলো বড়দের কাছে দেখাতে পারে এবং ব্যাখ্যা করতে পারে যে ঈশ্বর কিভাবে যারা যীশুর সুসমাচার শোনার জন্য প্রস্তুত আছেন তাদের খোঁজার জন্য আমাদের নতুন স্থানে প্রেরণ করেন। বড় শিশুদের ছোটদের সাহায্য করতে দিন।

পৌল ও বার্নাবার গল্পটির বিষয় প্রশ্ন জিজ্ঞাসা করতে দিনঃ

- শিশুদের জিজ্ঞাসা করুন, “নতুন স্থানে গিয়ে তাদের কাছে সুসমাচার বলেছেন এমন লোকদের বিষয় তারা অন্যান্য আর কি উদাহরণ দিতে

পারে ?

- শিশুদের উদাহরণ দিতে দিন।
- শিশুরা যদি বড়দের জন্য এই গল্পটি বলে থাকে, তবে তাদের বড়দের কাছে একই প্রশ্নগুলো জিজ্ঞাসা করতে দিন।
- শিশুদের প্রাপ্ত বয়স্কদের কাছে প্রথম পৃষ্ঠায় উল্লেখিত প্রশ্নগুলো জিজ্ঞাসা করতে দিন।

মুখস্থ পদঃ যিহোশূয় ১ঃ৯

কবিতা আবৃত্তিঃ চারজন শিশুর প্রত্যেককে গীত ২৯ঃ১-৪ পদগুলির একটি করে পদ আবৃত্তি করতে দিন।

লোকদের দূরবর্তী স্থানে সুসমাচার নিয়ে যাওয়ার বিষয়ে বড় শিশুদের কবিতা, গান, অথবা ছোট গল্প লিখতে বলুন। তারা সারা সপ্তাহব্যাপী এই কাজটি করতে পারে।

প্রার্থনা : “প্রিয় প্রভু, তুমি পৌল ও বার্নাবার মত অসংখ্য লোকদের সেই সমস্ত লোকদের কাছে পাঠাতে চাও, যারা তোমাকে জানে না। তুমি যখন আমাদের যেতে বল, তখন তোমার রব শুনতে আমাদের সাহায্য কর। তোমার আত্মায় আমাদের পূর্ণ কর, যাতে আমরা পৌল ও বার্নাবার মত সাহসের সঙ্গে তোমার সুসমাচারের বিষয় কথা বলতে পারি।”